

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ১৫/০১/২০২২ খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমের রিলিজ শ্লিপের মেধা তালিকা ১৭ জানুয়ারি বিকাল ৪ টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নাম্বরে send করতে হবে) এর মাধ্যমে একই দিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ শ্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষ হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৩ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

লালমাটিয়া সরকারি মহিলা কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে রিলিজ শ্লিপের মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্রমিক	বিবরণ	তারিখ
১	রিলিজ শ্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) Applicant Login অপশনে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি কলেজে জমা দিতে হবে।	১৭/০১/২০২২ থেকে ২৫/০১/২০২২
২	রিলিজ শ্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীরা বিকাশ অ্যাপস এর মাধ্যমে পেমেন্ট সিলেক্ট করে ভর্তি ফরম, প্রসপেক্টাস ফি ও বিকাশ চার্জসহ ৪৫৬/- বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ এর মাধ্যমে পরিশোধ করতে পারবে। রেফারেন্স নম্বরের অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত মাস্টার্স ভর্তি রোল উল্লেখ করতে হবে। অতঃপর <a href="http://www.lalmatiyamohilacollege.edu.bd">www.lalmatiyamohilacollege.edu.bd</a> এ ভর্তির লিংকে ক্লিক করে কলেজের নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ভর্তি ফরম ও ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেওয়া হবে। তারপর বিকাশ অ্যাপস থেকে পে-বিল সিলেক্ট করে প্রতিষ্ঠানের নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর লিখে বিকাশ নম্বর (০১৮৪৬১৪৯৯৭৩) এর মাধ্যমে ভর্তি ফরম ১৩,১৫৭/- (তের হাজার নয়শত সাতাত্তর) টাকা পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।	১৮/০১/২০২২ থেকে ২৬/০১/২০২২

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে ১০ নং কাউন্টারে নগদ ৪৫০/- টাকা জমা দিয়ে ভর্তির ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করে প্রত্যেক বিষয়ের জন্য নির্ধারিত কাউন্টারে উপস্থিত হয়েও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।


☐ ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

- (ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও অনার্স পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।
- (খ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও অনার্স পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
- (গ) সদ্য তোলা ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।
- (ঘ) মাস্টার্স ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।

☐ যারা অনলাইনে ভর্তি হবে তাদেরকে উপরোক্ত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে পরবর্তীতে অবশ্যই জমা দিতে হবে।

  
অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা।

  
১৫.০১.২০২২

মাস্টার্স শেষ পর্বে ভর্তির সময় পরিশোধ করতে হবে:

ক্রমিক নং	খাতের নাম	এম.এ/এম.এস.এস/ এম.বি.এ	এম.এসসি
১.	ভর্তি ফি	৩০	৩০
২.	বেতন (৩০ × ১)	৩০	৩০
৩.	বিশ্ববিদ্যালয় ফি (রেজিস্ট্রেশন ফি ৮০০, ক্রীড়া ও সংস্কৃতি ফি-২০, বিএনসিসি ফি-৫, রোভার স্কাউট ফি-১০)	৮৩৫	৮৩৫
৪.	রেঞ্জার ফি (কলেজ)	৪০	৪০
৫.	রোভার স্কাউট ফি (কলেজ)	১৬	১৬
৬.	সাহিত্য ও সংস্কৃতি ফি	৫০	৫০
৭.	ম্যাগাজিন ফি	৩০	৩০
৮.	মসজিদ তহবিল ফি	৫০	৫০
৯.	ধর্মীয় অনুষ্ঠান ফি	৩০	৩০
১০.	অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম ফি	৪০	৪০
১১.	বহিঃ ক্রীড়া ফি	৫০	৫০
১২.	কল্যাণ তহবিল/দরিদ্র তহবিল ফি	২০	২০
১৩.	চিকিৎসা ফি	২০	২০
১৪.	পরিচয় পত্র ফি	৩০	৩০
১৫.	রেড ক্রিসেন্ট ফি	২০	২০
১৬.	লাইব্রেরী ফি	২৫	২৫
১৭.	অধিভুক্তি ফি	৫০	৫০
১৮.	উন্নয়ন তহবিল ফি	২০০	২০০
১৯.	অত্যাবশ্যিকীয় শিক্ষক ও কর্মচারী ফি	৯০০০	৯০০০
২০.	বিবিধ	১০০	১০০
২১.	আইসিটি ফি	২০	২০
২২.	বিজ্ঞান ক্লাব ফি	২০	২০
২৩.	ব্যবস্থাপনা ফি	৫০	৫০
২৪.	ল্যাবরেটরী ফি	-	১০০
২৫.	ডিজিটাল কার্যক্রম	৪০০	৪০০
২৫.	ইউটিলিটি ফি (বিদ্যুৎ, পানি, গ্যাস ও টেলিফোন)	৫০০	৫০০
২৬.	সেমিনার ফি	৪০০	৫৫০
	মোট	১২০৫৬	১২৩০৬

এছাড়া ব্যবহারিক পরীক্ষা ফি প্রতি পত্র ১ দিন ১৩০/- টাকা ও পরবর্তী দিন ৭৫/- টাকা করে এবং অভ্যন্তরীণ পরীক্ষা ফি (ইনকোর্স/টার্ম পেপার/নির্বাচনী) ৪ ঘন্টা সময়ের পরীক্ষার জন্য প্রতি পত্র ৫০/- টাকা এবং ৪ ঘন্টার কম সময়ের পরীক্ষার জন্য ৪০/- টাকা পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।

  
অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা।

  
২৫/০২/২০২২